

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৯২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّبْفْ

আরবী

وَعَن مقدامِ بْنِ مَعْدِي كَرِبَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَا مَلَأَ آدَمِيُّ وِعَاءً شَرَّا مِنْ بَطْنِ بِحَسْبِ ابْنِ آدَمَ أُكُلَاتٌ يُقِمْنَ صِلْبَهُ فَإِنْ كَانَ لَا مَحَالَةَ فَتُلُثٌ طَعَامٌ وَتُلُثٌ شَرَابٌ وَتُلُثٌ لِنَفَسِهِ» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْن مَاجَه

صحیح ، رواه الترمذی (2380 وقال: حسن صحیح) و ابن ماجم (3349) ۔ (صَحِیح)

বাংলা

৫১৯২-[৩৮] মিরুদাম ইবনু মা'দীকারিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, [রাসূল (সা.) বলেছেন] কোন ব্যক্তি তার পেট অপেক্ষা মন্দ কোন পাত্রকে ভর্তি করেনি। আদম সন্তানের জন্য এ পরিমাণ কয়েক লোকমাই যথেষ্ট যা দ্বারা সে স্বীয় কোমরকে সোজা রাখতে পারে (ও আল্লাহর ইবাদত করতে পারে)। যদি এর বেশি খাওয়া প্রয়োজন মনে করে তবে এক-তৃতীয়াংশ খাদ্য, আরেক তৃতীয়াংশ পানীয় এবং অপর তৃতীয়াংশ শ্বাস-প্রশ্বাসের জন্য খালি রাখবে। (তিরমিয়ী ও ইবনু মাজাহ)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ২৩৮০, ইবনু মাজাহ ৩৩৪৯, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১৩৫, মুসনাদে আহমাদ ১৭২২৫, সহীহ ইবনু হিব্বান ৬৭৪, শুআবুল ঈমান ৫৬৪৮, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৬৭৭০।

ব্যাখ্যা



ব্যাখ্যা : হাদীসের উদ্দেশ্য হলো, যদি সর্বনিম্ন খাবারে পেট না ভরে এবং তা যদি পূর্ণ করতেই হয় তবে পেটকে পূর্ণ করার জন্য তিন ভাগ করবে। একভাগে খাবার আরেকভাগে পানি এবং অন্যভাগ শ্বাস প্রশ্বাস গ্রহণের জন্য খালি রাখবে।

এ প্রসঙ্গে ইমাম ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেছেন: আল্লাহর ইবাদাত-বন্দেগীর জন্য শক্তি অর্জনের যথেষ্ট পরিমাণ খাবার গ্রহণ করাই উত্তম। শায়খ আবু হামীদ (রহিমাহুল্লাহ) বলেন: ক্ষুধার মধ্যে দশটি উপকার রয়েছে যেগুলো অন্য অবস্থায় পাওয়া যায় না। যেমন- অন্তরের পবিত্রতা, বিনয়ী ও নম্র মেজাজ তৈরি হওয়া। আল্লাহর শান্তির কথা স্মারণ হওয়া ইত্যাদি। (মিরক্লাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মিকদাম বিন মা'দীকারিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন